**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল ইথাকায় 32 মিলিয়ন মার্কিন ডলারের আবাসন এবং শিল্প সম্পর্কিত নির্মাণকাজ শেষ হওয়ার ঘোষণা করলেন

***ইথাকা আর্টহাউজ ডেভেলপমেন্টে রয়েছে চেরি স্ট্রিট জেলায় 123টি সাশ্রয়ী এবং সমর্থক বাসা এবং কমিউনিটি আর্ট স্পেস***

***বিনিয়োগটি 'সাউদার্ন টিয়ার সোরিং' এর সম্পূরক - এটি সম্প্রদায় পুনরুজ্জীবিত করা এবং অর্থনীতির বিকাশে অঞ্চলটির সার্বিক কৌশল***

***প্রকল্পের ছবি পাওয়া যাবে এখানে***

গভর্নর হোকল আজকে ঘোষণা করলেন যে ইথাকা শহরের নতুনভাবে গঠিত চেরি স্ট্রিট জেলার (Cherry Street District) মধ্যে একটি নতুন 32 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী আবাসন নির্মাণকাজ ও আর্টস সেন্টার নির্মাণের কাজ শেষ হয়েছে। ইথাকা আর্টহাউজ (Ithaca Arthaus) হিসেবে পরিচিত, 123 অ্যাপার্টমেন্টের নির্মাণকাজটিতে রয়েছে শিল্প সম্পর্কিত কমিউনিটি ফ্যাসিলিটি এবং এটি স্বাধীনভাবে জীবনযাপনের জন্য সমর্থক সেবা প্রয়োজন এমন তরুণদের 40টি বাসা প্রদান করে।

"আমরা এমন মানসম্পন্ন, সাশ্রয়ী, সমর্থক বাসা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ, যেখানে নিউ ইয়র্কবাসীরা তাদের ভালোবাসার সম্প্রদায়ে থেকেই জীবনযাপন করতে, জীবিকা অর্জন করতে, শিখতে এবং খেলাধুলা করতে পারবে," **গভর্নর হোকল বলেন।** "ইথাকা আর্টহাউজ একটি দারুণ মিশ্র ব্যবহারের নির্মাণকাজ যা শহরের নতুন শিল্প জেলায় অর্থনৈতিক ও সৃজনশীল বিকাশকে চালিত করবে এবং যাদের প্রয়োজন তাদের জন্য সমর্থক সেবাসহ অত্যাবশ্যকীয় সাশ্রয়ী আবাস নিয়ে আসবে।"

ইথাকা আর্টহাউজ আবাসনকে আরো সাশ্রয়ী, ন্যায্য ও স্থিতিশীল করতে গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। গভর্নর সাম্প্রতিক প্রণীত স্টেট বাজেটে (State Budget) একটি নতুন 25 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছর মেয়াদি সার্বিক আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে নিশ্চিত করেছেন, যা পুরো নিউ ইয়র্কে 100,000 সাশ্রয়ী আবাস তৈরি বা সংরক্ষণ

করে আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে দুঃস্থ জনগোষ্ঠীর জন্য 10,000টি সমর্থক সেবাসহ বাসা থাকবে, এবং একই সাথে আরো 50,000 বাসার বৈদ্যুতিকরণের পরিকল্পনা রয়েছে।

নির্মাণকাজে রয়েছে 123টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট যেখানে ফস্টার কেয়ার কর্মসূচি থেকে বয়সের কারণে বের হয়ে আসা তরুণদের জন্য 40টি বাসা সংরক্ষিত থাকবে। তারা টম্পকিনস কমিউনিটি অ্যাকশন, ইনকর্পোরেশনকে (Tompkins Community Action, Inc) প্রদত্ত এম্পায়ার স্টেট সমর্থক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) পুরস্কারের মাধ্যমে সমর্থক সেবা পাবে, যার পরিচালনা করবে টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA)।

নির্মাণকাজটির নিচ তলায় দুটি স্পেস রয়েছে - চেরি গ্যালারি (Cherry Gallery) এবং চেরি স্টুডিও (Cherry Studio), যেখানে বাসিন্দারা শিল্প এবং থিয়েটার সম্পর্কিত কার্যকলাপে জড়িত হতে পারবে, যার সহায়তা করবে নতুন নির্মাণকাজটির পাশে অবস্থিত চেরি আর্টস্পেস পরিচালনাকারী একটি অলাভজনক কোম্পানি, চেরি আর্টস, ইনকর্পোরেশন। চেরি গ্যালারি ভিজ্যুয়াল আর্টস এবং একই সাথে সেলন-স্টাইলের সঙ্গীত, মাল্টিমিডিয়া, এবং পারফরম্যান্স আর্ট প্রদর্শনের জন্য একটি প্রদর্শনী স্থান প্রদান করবে। চেরি স্টুডিও কর্মশালা, স্কুল-পরবর্তী কর্মসূচি, এবং গ্রুপ কার্যকলাপের জন্য একটি জমায়েত হওয়ার ও রিহার্সেল করার স্থান প্রদান করবে।

ইথাকা ডাউনটাউনের দক্ষিণপূর্বে, একটি প্রাক্তন ইন্ডাস্ট্রিয়াল এলাকায়, ক্যাইয়ুগা ইনলেট ওয়াটারফ্রন্ট সংলগ্ন চেরি স্ট্রিটে অবস্থিত ইথাকা আর্টহাউজটি ইথাকা এবং গ্রেহাউন্ড বাস স্টেশনসমূহের (Greyhound Bus Stations) এবং একটি খাদ্য কোঅপারেটিভসহ একাধিক মুদি দোকান, এবং সেই সাথে ফার্মেসি, মেডিকেল অফিস, আর্থিক প্রতিষ্ঠান, এবং খুচরা কেনাকাটার স্থানের কাছে অবস্থিত।

নির্মাণকাজটির শক্তিদক্ষ ব্যবস্থাসমূহের মধ্যে রয়েছে এনার্জি স্টার (ENERGY STAR) রেটেড জানালা ও অ্যাপ্লায়েন্স, দক্ষ ডাক্টলেস স্প্লিট সিস্টেম হিটিং এবং কুলিং, শক্তি দক্ষ লেডি বাতি, বিদ্যুতের জন্য সরাসরি মিটারিং, কম প্রবাহের প্লাম্বিং ব্যবস্থা, এবং কোড অনুযায়ী আবশ্যিকের 25 শতাংশ বেশি ভবন এনভেলপ ইন্সুলেশন।

ইথাকা আর্টহাউজের জন্য 32 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট তহবিলের মধ্যে রয়েছে 4.8 মিলিয়ন মার্কিন ডলার স্থায়ী কর-মওকুফ বন্ড, 10.9 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি সৃষ্টিকারী ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট (Federal Low-Income Housing Tax Credits) এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 14 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি। ইথাকা আর্টহাউজের নির্মাতা হলো ভেসিনো গ্রুপ (Vecino Group)।

**হোমস এবং কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন,** "ইথাকা আর্টহাউজ একটি 32 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ যা সাশ্রয়ী ভাড়া, অসাধারণ শিল্পভিত্তিক সম্প্রদায়ের সুবিধা, এবং নিজেদের প্রথম স্থায়ী, স্থিতিশীল আবাসনে স্থানান্তররত

অনেক তরুণদের জন্য সমর্থক সেবা দিয়ে শহরের নতুন চেরি স্ট্রিট জেলার নোঙর হিসেবে কাজ করবে। আমরা এমন একটি পূর্ণাঙ্গ নির্মাণকাজ ফলপ্রসূ করতে পেরে আনন্দিত এবং আমরা ইথাকা শহর, ভেসিনো গ্রুপ, চেরি আর্টস, এবং মহান নিউ ইয়র্ক স্টেটজুড়ে উজ্জ্বল, আকর্ষণীয় ডাউনটাউন গন্তব্য গঠনে আমাদের মতো একই ভিশন রাখা সকল অংশীদারদের ধন্যবাদ জানাচ্ছি।"

**টেম্পোরারি এবং ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিসের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েটজ বলেন,** "সমর্থক আবাসন বাসগৃহের বাইরে থাকা নিউ ইয়র্কবাসীদের এমন সেবা প্রদান করে যা স্থিতিশীলভাবে কোনও আবাসনে থাকতে তাদের প্রয়োজন। আর্টহাউজের সমর্থক ইউনিটগুলি ইথাকা এলাকার তরুণ প্রাপ্তবয়স্কদের অত্যাবশ্যকীয় সমর্থনসহ নিরাপদ, সাশ্রয়ী আবাস প্রদান করবে। আমি গভর্নর হোকলের প্রশংসা করছি সাশ্রয়ী আবাসনকে তার প্রশাসনের একটি অগ্রাধিকার করে রাখার জন্য, যার মধ্যে আর্টহাউজের মতো প্রকল্প রয়েছে যা ব্যক্তি ও পরিবারের জন্য অভীষ্ট সহায়তা প্রদান করে এটি নিশ্চিত করার জন্য যাতে তারা একটি আবাসনে থাকতে পারে এবং সম্প্রদায়ে সফল হতে পারে।"

**সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চাক শুমার বলেন,** "ইথাকার সকল অধিবাসীর নিরাপদ সাশ্রয়ী আবাসন পাওয়ার অধিকার রয়েছে, কিন্তু ঐতিহাসিকভাবে প্রয়োজনের তুলনায় কম বিনিয়োগ ইথাকার মতো স্থানে একটি আবাসন সঙ্কট সৃষ্টি করেছে। আমি গর্বিত যে, যেই ফেডারেল নিম্ন আয়ের আবাসন কর ক্রেডিট রক্ষা ও সম্প্রসারণ করার জন্য আমি জোর লড়াই করেছি, তা এই শত শত সাশ্রয়ী আবাসনকে বাস্তবে পরিণত করতে প্রয়োজনীয় মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার সরবরাহ করেছে। আবাসন একটি মানবাধিকার এবং আমি উজ্জ্বলতর, 'চমৎকার', এবং সকল বাসিন্দার জন্য আরো ন্যায্য ভবিষ্যতের জন্য ইথাকায় ভিত্তি স্থাপনে সাহায্য করার জন্য প্রয়োজনীয় প্রতিটি মার্কিন ডলার ফেডারেল সমর্থন আনতে লড়াই চালিয়ে যাবো।"

**স্টেট সিনেটর টম ও'মারা বলেন,** "আমরা এলাকার বাসিন্দাদের জন্য সাশ্রয়ী আবাসন নিশ্চিত করতে স্থানীয় এজেন্সি ও সম্প্রদায়সমূহের কাজে সহায়তা করার জন্য চলমানটির মতো স্টেট বিনিয়োগসমূহ পেয়ে কৃতজ্ঞ।ইথাকা আর্টহাউজ সমর্থক সেবার প্রয়োজন থাকা অনেক তরুণ জীবনকে উন্নত করবে। নতুন আবাসন নির্মাণকাজটি বাসিন্দাদের জন্য ব্যাপক পরিবর্তন নিয়ে আসবে এবং তাদেরকে স্বাধীনভাবে ও নিরাপদে একটি মানসম্পন্ন ব্যবস্থায় জীবনধারণ করতে দিবে যাতে করে তারা স্থানীয় সম্প্রদায়ের বুননকে উন্নত ও মজবুত করা অব্যাহত রাখতে পারে।"

**ইথাকার ভারপ্রাপ্ত মেয়র লরা লুইস বলেন,** "শহর এই প্রকল্প গ্রহণে ভেসিনোর প্রতিশ্রুতির প্রশংসা করছে, তারা আমাদের সম্প্রদায়ে আরো সাশ্রয়ী আবাসনের চাহিদা পূরণের কাজে দারুণ একটি অংশীদার হয়ে আছে। চেরি স্ট্রিটে আর্টহাউজ উদ্বোধনের জন্য অভিনন্দন। আমি নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল প্রদত্ত অত্যাবশ্যকীয় আর্থিক সমর্থন, এবং সেই সাথে টম্পকিনস কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির (Tompkins County Industrial Development Agency) স্থানীয় প্রণোদনার স্বীকৃতি প্রদান করতে চাই, যার ফলে এই প্রকল্প বাস্তব হয়েছে।"

**ভেসিনো গ্রুপের প্রেসিডেন্ট রিক মানজার্ডো বলেন,** "ইথাকা সম্প্রদায়ে শিল্পের গুরুত্ব বুঝে। আমরা শহর এবং আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ যারা এমন সাশ্রয়ী ও সমর্থক আবাসনের প্রয়োজন বুঝতে পেরেছে যা সৃজনশীল জগতে সম্প্রসারিত করা যায় এবং ইথাকা আর্টহাউজের রূপে এই বিকাশের অংশ হওয়ার ব্যাপারে ভেসিনো গ্রুপের উপর আস্থা রেখেছে। শিল্প সৃষ্টি ও সকলের সামনে উপস্থাপনের স্থানটি দ্বারা শুধু আমাদের বাসিন্দারা লাভবান হবে না, বরং সম্প্রদায়টিও সৃজনশীলতার প্রকাশ আমাদের জীবনে কী হৃদ্যতা ও উদ্যম নিয়ে আসতে পারে সেই অভিজ্ঞতা লাভ করবে।"

## সাউদার্ন টিয়ার ত্বরান্বিত করা

আজকের ঘোষণার সম্পূরক সাউদার্ন টিয়ার সোরিং এই এলাকায় অনেক অর্থনৈতিক এবং সামাজিক উন্নতি করার একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে নকশাকৃত পরিকল্পনাটি একটি প্রতিভাবান কর্মীদল, ক্রমবর্ধমান ব্যবসা এবং উদ্ভাবন আকর্ষণের দিকে মনোযোগ প্রদান করে। বর্তমানে, অঞ্চলটি আপস্টেট রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভের (Upstate Revitalization Initiative) মাধ্যমে সাউদার্ন টিয়ার সোরিংকে 500 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ দিয়ে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ বেসরকারি ব্যবসাগুলিকে 2.5 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করতে প্রণোদিত করবে - এবং এই অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী অনুমিত হচ্ছে যে 10,200টি নতুন কর্মসংস্থান হবে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন